



তারিখ : ০১ এপ্রিল ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর-এর শোকবার্তা

বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও বগুড়া জেলা জাতীয়তাবাদী মহিলা দলের সভাপতি লাভলী রহমান ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন। তার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ এক শোকবার্তায় বিএনপি মহাসচিব বলেন, “লাভলী রহমান এর মৃত্যুতে তার পরিবারবর্গ ও নিকটজনদের মতো আমিও গভীরভাবে সমব্যথা। তিনি নিজ এলাকায় দলকে শক্তিশালী ও মজবুত ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করতে নিরলসভাবে কাজ করে গেছেন। সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর উত্তম এর নীতি ও আদর্শ এবং বাংলাদেশী জাতীয়তাবাদী দর্শণ বুকে ধারণ করে গণতান্ত্রিক অধিকারের স্বপক্ষে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে বিএনপির প্রতিটি আন্দোলন-সংগ্রামে তিনি সক্রিয় অংশগ্রহণ করেছেন। তার রাজনীতির মূল লক্ষ্যই ছিল জনগণের কল্যাণ সাধন। দোয়া করি-মহান রাব্বুল আলামীন যেন তাকে জান্নাত নসীব এবং শোকাহত পরিবারবর্গকে ধৈর্য ধারণের ক্ষমতা দান করেন।

আমি লাভলী রহমান এর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি এবং শোকাত্ত পরিবারবর্গ, গুণগ্রাহী ও শুভানুধ্যায়ীদের প্রতি জানাচ্ছি গভীর সমবেদনা।”

বার্তা প্রেরক

(এ্যাড. মোঃ তাইফুল ইসলাম টিপু)

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।